BENGALI EDITION
U.S. HISTORY AND GOVERNMENT
WEDNESDAY, JANUARY 21, 2026
9:15 A.M. TO 12:15 P.M., ONLY

The University of the State of New York

REGENTS HIGH SCHOOL EXAMINATION

# মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস এবং সরকার

**বুধবার,** 21 জানুয়ারি, 2026 — 9:15 a.m. থেকে 12:15 p.m. পর্যন্ত শুধু

শিক্ষার্থীর নাম ______________________________

স্কুলের নাম ______________________________

**এই পরীক্ষা দেওয়ার সময় কোনো যোগাযোগের ডিভাইস সাথে রাখা বা ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ। আপনার কাছে যদি কোনো যোগাযোগের ডিভাইস থাকে বা তা ব্যবহার করেন, তা যত সীমিত সময়ের জন্যই হোক না কেন, আপনার পরীক্ষাটি বাতিল করা হবে এবং আপনার জন্য কোনো নম্বর গণনা করা হবে না।**

উপরের লাইনগুলিতে আপনার নাম এবং আপনার স্কুলের নাম লিখুন। অংশ I এর জন্য একটি পৃথক উত্তরপত্র আপনাকে প্রদান করা হয়েছে। আপনার উত্তর-পত্রের শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সম্পন্ন করার জন্য প্রোক্টরের দেওয়া নিদেশাবলী অনুসরণ করুন। তারপর আপনার রচনা পুস্তিকার প্রতিটি পৃষ্ঠার শিরোনাম পুরণ করুন।

এই পরীক্ষাটির তিনটি অংশ আছে। আপনাকে এই পরীক্ষার **প্রত্যেকটি** অংশের **সব কটি** প্রশ্নের উত্তর দিতে হবে। অংশ II, III A, এবং III B-এর উত্তর লেখার জন্য কালো বা গাঢ় নীল কালি ব্যবহার করুন।

**অংশ I** এ 28টি বহু-নির্বাচনী প্রশ্ন আছে। উত্তর পত্রে যেভাবে নির্দেশ দেওয়া আছে সেই ভাবে এই প্রশ্নগুলির উত্তরগুলি লিপিবদ্ধ করুন।

**অংশ II** এ দুটি সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্ন আছে। রচনার পুস্তিকাতে এই প্রশ্নগুলির উত্তর লিখুন, পৃষ্ঠা 3 থেকে শুরু করে।

**অংশ III** বেশ কয়েকটি নথির উপর নির্ভরশীল:

**অংশ III A**-তে বিভিন্ন নথি আছে। আপনি যখন পরীক্ষার এই অংশে পৌঁছাবেন, এই বিভাগের প্রথম পৃষ্ঠায় আপনার নাম এবং আপনার স্কুলের নাম লিখবেন।

প্রতিটি নথির পরে একটি করে প্রশ্ন আছে। এই পরীক্ষা পুস্তিকার প্রতিটি প্রশ্নের উত্তর সেই প্রশ্নের পরে দেওয়া লাইনে লিখুন।

**অংশ III B**-তে একটি রচনামূলক প্রশ্ন থাকে যা বিভিন্ন নথির উপর নির্ভর করে। রচনার পুস্তিকাতে এই প্রশ্নগুলির উত্তর লিখুন, পৃষ্ঠা 7 থেকে শুরু করে।

পরীক্ষা সম্পন্ন করার পরে আপনাকে অবশ্যই উত্তরপত্রের শেষে মুদ্রিত ঘোষণায় স্বাক্ষর করতে হবে এই মর্মে যে পরীক্ষার আগে প্রশ্ন বা উত্তরগুলি সম্পর্কে আপনার কোনো আইন বিরুদ্ধ জ্ঞান ছিল না এবং পরীক্ষা চলাকালীন আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য সহায়তা প্রদান করেননি বা পাননি। আপনি এই ঘোষণায় স্বাক্ষর না করলে আপনার উত্তরপত্র গ্রহণ করা যাবে না।

**সঙ্কেত না দেওয়া অবধি এই পরীক্ষার পুস্তিকা খুলবেন না।**

## অংশ I

### এই অংশের সকল প্রশ্নের উত্তর দিন।

*নির্দেশনা* (1–28): প্রত্যেকটি বিবৃতি বা প্রশ্নের জন্য, প্রদত্ত শব্দ বা ধারণা থেকে সেই শব্দটি বা ধারণাটির *নম্বর* পৃথক উত্তরপত্রে লিপিবদ্ধ করুন যা বিবৃতিটিকে সর্বোত্তমভাবে সম্পন্ন করে অথবা প্রশ্নটির উত্তর দেয়।

1 ও 2 এর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া উদ্ধৃতি এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . সব শেষে, যখন রাজনৈতিক দল [নাগরিক গোষ্ঠী] হয়ে উঠবেন, নিজেদের মধ্যে নাগরিক শাসনতন্ত্র প্রয়োগ করবেন, বাকিদের তুলনায় বিশিষ্ট কোনও ব্যক্তি [পদস্থ] সেখানে স্থান করে নেবে না, সরকারী দপ্তরে কাউকে চয়ন করবেন তখন যেন আপনি বিচক্ষণতা ও দেবতাসুলভ ব্যবহার করে এমন মানুষকে বেছে নেবেন যে অবশ্যই আপনার প্রিয় এবং সবার কল্যাণের জন্য কাজ করবে, এবং তাদের যথাযথ মান্য করবেন এবং তাদের দ্বারা আইনসঙ্গত কাজের প্রতি আনুগত্য রাখবেন। . . .

উৎস: জন রবিনসন, Farewell Address to the Pilgrims (তীর্থযাত্রীদের উদ্দেশ্যে বিদায় ভাষণ), 5 আগ, 1620 (অভিযোজিত)

1 এই উদ্ধৃতির ভিত্তিতে, প্লাইমুথ কাউন্টিতে সরকারের ভূমিকার বিষয়ে লেখকের কী মত?

(1) চার্চ এবং রাজ্যের জন্য পৃথক নেতা নির্বাচন করা উচিত।
(2) সরকারের বিরুদ্ধে বিদ্রোহ করার অধিকার জনসাধারণের কাছে আছে।
(3) জনসাধারণের কাছে শাসন ক্ষমতা থাকা উচিত।
(4) শাসন করার সম্পূর্ণ ক্ষমতা নেতাদের দেওয়া উচিত।

2 এই বক্তৃতায় জন রবিনসন সরকার সম্বন্ধে যে ধারণা জানিয়েছেন সেটা কোন দলিলে সবচেয়ে ভালোভাবে প্রতিফলিত হয়েছে?

(1) মেফ্লাওয়ার কমপ্যাক্ট (Mayflower Compact)
(2) মেরিল্যান্ড টলারেশন অ্যাক্ট (Maryland Toleration Act)
(3) স্ট্যাম্প অ্যাক্ট (Stamp Act)
(4) টাউনসেন্ড অ্যাক্ট (Townshend Acts)

3 ও 4 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**সেন্টিনেল নং. 5**

শরৎকাল 1787

. . . তবে এই নিয়মাবলী আরেকটি ক্ষমতা সংযোজন করেছে, তাতে কংগ্রেস সংবিধানের অনুমোদনে প্রতিটি সম্ভাব্য আইনে বৈধতা জারি করতে পারে; নিম্নোক্ত আইনী ধারায় এর উল্লেখ করা হয়েছে—"পূর্বেকার ক্ষমতা এবং মার্কিন যুক্তরাষ্ট্রের উপর এবং অন্য যে কোনও বিভাগ বা কর্মকর্তার উপর এই সংবিধান অন্য যে সকল ক্ষমতা আরোপিত করেছে সেসব কার্যত প্রয়োগ করার জন্য যেমন আইন প্রয়োজন এবং উপযুক্ত সেসব প্রয়োগ করা।" কংগ্রেসের উপর যে ক্ষমতা আরোপিত করা হয়েছে সেসব কার্যত প্রয়োগ করার জন্য তারা যেমন প্রয়োজন ও উপযুক্ত মনে করবে সেসব বিধান আনতে পারে; এবং এই আইনের ধারায় প্রদত্ত ক্ষমতানুসারে তারা রাজ্য সরকারের যে কোনও এবং সব আইন নিয়ন্ত্রণ (আয়ত্তাধীন) এবং দূর (বাতিল) করে দিতে পারে এই যুক্তি দিয়ে যে সেসব তাদের ক্ষমতা প্রয়োগের পথে বাঁধা দিচ্ছে, অথচ এই আইন "সংবিধান অনুসারে (সমর্থনে) প্রণয়ন করা হচ্ছে," এবং এইগুলি "এই দেশের সার্বভৌম আইন হবে, এবং যে কোনও রাজ্যের আইন বা সংবিধানের যে কোনও অন্য উল্লেখ থাকা নির্বিশেষে, প্রতিটি রাজ্যের বিচারক এইগুলি মানতে বাধ্য থাকব।"

উৎস: Samuel Bryan, 1787; Herbert J. Storing, ed., *The Complete Anti-Federalist* (সম্পূর্ণ অ্যান্টি-ফেডারালিস্ট), University of Chicago Press, 1981 (অভিযোজিত)

3 এই অনুচ্ছেদ লেখা হয়েছিল

(1) কনফেডারেশনের ধারাসমূহ (Articles of Confederation) গ্রহণ সম্পর্কিত বিতর্কের সময়
(2) মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান (United States Constitution) অনুমোদনের সময়
(3) ভার্জিনিয়া ও কেনটাকি বাতিলকরণ সংকটের সময়
(4) 1812 সালের যুদ্ধ নিয়ে বিবাদের সময়

4 এই অনুচ্ছেদের লেখক মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান (United States Constitution)-এর প্রস্তাবে কী দাবি করেছেন?

(1) নতুন সংবিধান রাজ্যগুলিকে স্বৈরশাসন পরিহারের যথেষ্ট ক্ষমতা দিয়েছিল।
(2) ইলাস্টিক ধারা কংগ্রেসকে অত্যধিক ক্ষমতা দেবে।
(3) নতুন রাষ্ট্রের জন্য ফেডারেল ব্যবস্থা সবচেয়ে শ্রেয়।
(4) দুই পার্টি ব্যবস্থা ভবিষ্যতে বিদ্রোহের কারণ হয়ে উঠবে।

5 ও 6 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . এটি সমগ্র মিসিসিপি স্টেট এবং আলাবামার পশ্চিম অংশকে ইন্ডিয়ানদের (আদি বাসী ইন্ডিয়ান) দখলদারিত্ব থেকে মুক্তি দেবে এবং জনসংখ্যা, সম্পদ এবং ক্ষমতায় এই স্টেটগুলিকে দ্রুত অগ্রসর হওয়ার সুযোগ দেবে। এটা ইন্ডিয়ানদের শ্বেতাঙ্গ উপনিবেশের সরাসরি সংস্রব থেকে আলাদা করে রাখবে, তাদের রাজ্যের ক্ষমতা প্রয়োগ থেকে মুক্ত রাখবে, নিজের মত করে এবং তাদের নিজস্ব (অপরিশোধিত) প্রতিষ্ঠানের অধীন তাদের আনন্দ খুঁজে পাওয়ার সুযোগ দেবে, অবক্ষয়ের ফলে তাদের যে সংখ্যা কম হয়ে যাচ্ছে তার গতি মন্থর (খর্ব) করবে, এবং সম্ভবত সরকারের পক্ষ থেকে নিরাপত্তা পেয়ে এবং সুপরামর্শের মাধ্যমে, ক্রমশ তারা নিজেদের বর্বর আচরণ ত্যাগ করতে শিখবে এবং আকর্ষণীয়, সুসভ্য এবং ক্রিশ্চান সম্প্রদায় হয়ে উঠতে পারবে। . . .

উৎস: President Andrew Jackson (রাষ্ট্রপতি অ্যান্ড্রু জ্যাকসন), Message to Congress on Indian Removal (ভারতীয়দের পৃথক করার বিষয়ে কংগ্রেসের কাছে বার্তা), 1830

5 এই অনুচ্ছেদে রাষ্ট্রপতি অ্যান্ড্রু জ্যাকসন (President Andrew Jackson) যা দাবি করেছেন কোন বক্তব্যে তার সবচেয়ে ভালো বর্ণনা আছে?

(1) মার্কিন যুক্তরাষ্ট্রের সরকারে নেটিভ আমেরিকানদের সাথে বিগত চুক্তিগুলিকে মান্য করতে বাধ্য।

(2) নেটিভ আমেরিকানদের সাথে মিলেমিশে থাকার জন্য শ্বেতাঙ্গ উপনিবেশ স্থাপনকারীদের আরও পরিশ্রম করতে হবে।

(3) নেটিভ আমেরিকানরা আমেরিকান সমাজের সাথে সম্মিলিত হতে রাজি হয়েছে।

(4) নেটিভ আমেরিকানদের স্থানান্তর করা হলে তারা ও শ্বেতাঙ্গ উপনিবেশ স্থাপনকারীরা উভয়েই উপকৃত হবে।

6 কংগ্রেসের উদ্দেশ্যে রাষ্ট্রপতি জ্যাকসনের (President Jackson) এই বক্তব্যের একটি পরিণাম কী ছিল?

(1) ট্রেইল অব টিয়ার্স (Trail of Tears)

(2) টেক্সাস অধিকারভুক্ত করা (annexation of Texas)

(3) *ড্রেড স্কট (Dred Scott)* এর সিদ্ধান্ত

(4) গ্রাঞ্জ মুভমেন্ট (Grange Movement)

7 ও 8 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া সার্টিফিকেট এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> **হোমস্টেড**
>
> ব্রাউনবিল, নেব-স্থিত ভূমি অফিস, 20 জানুয়ারি, 1868
>
> সার্টিফিকেট নং 1 | আবেদন নং. 1
>
> এতদ্বারা প্রত্যয়ন করা হচ্ছে যে মে 20, 1862 এ অনুমোদিত "সার্বজনীন ক্ষেত্রে বাস্তব বসতি স্থাপন কারীদের জন্য হোমস্টেড নিশ্চিত করার আইন," নামক কংগ্রেসের আইনী প্রবিধান অনুসারে ড্যানিয়েল ফ্রিম্যান … [a] বিভাগ… টাউনশিপ চার... রেঞ্জ পাঁচে... 160 একর জমি বাবদ সম্পূর্ণ অর্থ প্রদান করেছেন।
>
> সুতরাং, জেনে রাখা দরকার, কমিশনার অফ দ্য জেনরল ল্যান্ড অফিসের কাছে এই সার্টিফিকেট পেশ করলে, উক্ত ড্যানিয়েল ফ্রীম্যান উপরোক্ত ভূখন্ডে পেটেন্ট পাওয়ার অধিকারী।--- হ্যারি এম. অ্যাটকিনসন, রেজিস্টার।
>
> Henry M. Atkinson

উৎস: Homestead Certificate for Daniel Freeman (ড্যানিয়েল ফ্রিম্যানের জন্য হোমস্টেড সার্টিফিকেট), 1868 (অভিযোজিত)

7 এই সার্টিফিকেট কোন নীতির প্রতি রাষ্ট্রীয় অঙ্গীকারে সমর্থন করে?

(1) মনরো মতবাদ (Monroe Doctrine)
(2) বিচ্ছিন্নতাবাদী নীতি (isolationism)
(3) ম্যানিফেস্ট ডেস্টিনি (Manifest Destiny)
(4) ডেটন্ট (détente)

8 এই দলিলে বর্ণিত প্রোগ্রামে মার্কিন যুক্তরাষ্ট্রের কোন এলাকা সবচেয়ে বেশি প্রভাবিত হয়েছিল?

(1) সাউথওয়েস্ট মরুভূমি
(2) দ্য গ্রেট প্লেন
(3) হাডসন ভ্যালি
(4) প্যাসিফিক নর্থওয়েস্ট

9 এবং 10 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া উদ্ধৃতি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> চোদ্দ সংশোধনের সংজ্ঞানুসারে, আমাদের মনে হয় বর্ণের উপর জোর করে পৃথক করার যে পদ্ধতি রাজ্যের অভ্যন্তরীণ ব্যবসা-বাণিজ্যে প্রয়োগ করা হচ্ছে তা কৃষ্ণাঙ্গ মানুষের সুযোগ ও প্রতিরোধক্ষমতা খর্ব করছে না, আইনের যথাযথ প্রক্রিয়া ছাড়া চারসম্পত্তি থেকে তাকে বঞ্চিত করছে না, আইনে তার সমান সুরক্ষা থেকে তাকে বঞ্চিত করছে না . . .

উৎস: *Plessy v. Ferguson* (প্লেসি বনাম ফার্গুসন),1896

9 এই উদ্ধৃতিতে প্রকাশিত ধারণাগুলির সাথে কোন ধারণাটি সবচেয়ে ঘনিষ্ঠভাবে জড়িত?

(1) “পৃথক তবে সমান”
(2) “স্পষ্ট বিপদ”
(3) “সব মানুষ সমান”
(4) “জরুরী ও সঠিক”

10 এই *প্লেসি বনাম ফার্গুসন* মামলায় সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের পরিণাম কী হয়েছিল?

(1) ফ্রীডমেনস ব্যুরো (Freedmen’s Bureau) স্থাপন করা হয়েছিল।
(2) ভূ-গর্ভস্থ রেলপথ (Underground Railroad) তৈরি করা হয়েছিল।
(3) পৃথকীকরণের অনুশীলন বলবৎ করা হয়েছিল।
(4) গ্র্যান্ডফাদার ক্লজ অর্থাৎ পূর্বপুরুষদের ধারা ভোটাধিকার বাড়িয়েছিল।

---

11 এবং 12 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া ছবি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।



উৎস: জেকব রীস, *How the Other Half Lives* (হাউ দ্য আদার হাফ লিভস), 1890

11 এই ছবির উদ্দেশ্য ছিল

(1) জনবসতির দুরবস্থা সম্বন্ধে জন সচেতনতা বাড়ানো
(2) অবাধ অভিবাসনে সমর্থন করা
(3) কারখানায় বিপজ্জনক কাজের পরিবেশ সম্বন্ধে জানানো
(4) শিশু আবসরগ্রহণ শ্রম ব্যবহারের প্রচার করা


12 যারা জেকব রীসের কাজে প্রভাবিত হয়েছেন তারা খুব সম্ভব একমত হবেন যে

(1) ফেডারেল আয়কর নির্মূল করে দেওয়া উচিত
(2) ব্যবসায় একচেটিয়া অধিকারের পদ্ধতির উৎসাহবর্ধন করা উচিত
(3) শ্রম সংঘ নিষিদ্ধ করা উচিত
(4) সরকারের সামাজিক ও আর্থিক সংস্কার সাধন করা উচিত

---


13 ও 14 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া ছবি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন।

USS মেইন, 1895-98 এর ফটোগ্রাফ



উৎস: J.S. Johnston (অভিযোজিত)

1898 এ USS মেইনে ধ্বংসাবশেষে কর্মরত মার্কিন যুক্তরাষ্ট্রের নৌসেনার ডুবুরি দল



উৎস: U.S. Naval History and Heritage Command (মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস ও কমান্ড), 1898 (অভিযোজিত)

13 এইরকম ছবি প্রায়ই প্রকাশিত করা হত

(1) সংবাদপত্রের বিক্রি বাড়ানোর জন্য

(2) তদন্তভিত্তিক সাংবাদিকতা নিরস্ত করার জন্য

(3) সংবাদমাধ্যমের স্বাধীনতায় বাধ্যবাধকতার সমর্থনের জন্য

(4) সংবাদদাতাদের উৎস জানাতে বাধ্য করার জন্য

14 USS *মেইন*বিস্ফোরণের একটা পরিণাম কী ছিল?

(1) এই বিস্ফোরণের জন্য দায়ী স্প্যানিশ কর্মকর্তাদের বিরুদ্ধে মামলা করা হয়েছিল।

(2) কিউবার উপর স্পেনের নিয়ন্ত্রণ আরও মজবুত হয়েছিল।

(3) স্পেনের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার পক্ষ জনসাধারণের সমর্থন বেড়েছিল।

(4) জাহাজ আবার গড়ে তোলা ও ভুক্তভোগীদের ক্ষতিপূরণ বাবদ স্পেন অর্থপ্রদান করেছিল।

15 ও 16 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . সাধারণত ট্রাস্ট নামে অভিহিত বড় কর্পোরেশন একটা রাজ্যে সংগঠিত হলেও, একাধিক রাজ্য জুড়ে কাজ করে, প্রায়ই যে রাজ্যে ঐগুলি প্রতিষ্ঠিত হয়েছিল সেখানে সামান্যই ব্যবসা করে। রাজ্য স্তরের আইনে এইগুলি সম্পর্কে অভিন্নতার প্রবল অভাব রয়েছে এবং যেহেতু কোনও একটি রাজ্যের কাছে তাদের কাজের বিষয়ে একচেটিয়া নিয়ন্ত্রণ বা স্বার্থ জড়িত থাকে না, সুতরাং রাজ্য স্তরের পদক্ষেপের মাধ্যমে যথেষ্ট নিয়ন্ত্রণ রাখা কার্যত অসম্ভব হয়। সুতরাং, সর্বসাধারণের স্বার্থ রক্ষার্থে, এই দেশের, এই বিষয়ে রাজ্যের এক্তিয়ার ক্ষেত্রে হস্তক্ষেপ না করে, আন্তঃরাজ্য স্তরে ব্যবসায় সব কর্পোরেশনের উপর তত্বাবধান করার ক্ষমতা নিজের উপর আরোপিত করে নেওয়া উচিত। বিশেষ করে কর্পোরেশন যখন তাদের ব্যবসার কোনও একচেটিয়া উপাদান বা প্রবণতা থাকার ফলে তাদের সম্পত্তির অংশবিশেষ আহরণ করে। এই প্রকারের তত্বাবধান করা তেমন কঠিন কাজ না, ব্যাঙ্কগুলি এইরূপ নিয়ন্ত্রণসাপেক্ষ থাকে . . . .

উৎস: President Theodore Roosevelt (রাষ্ট্রপতি থিওডোর রুজভেল্ট),
First Annual Message to Congress (কংগ্রেসে প্রথম বার্ষিক বার্তা), 1901

15 বড় কর্পোরেশনের পক্ষে রাষ্ট্রপতি থিওডোর রুজভেল্ট (President Theodore Roosevelt)-এর মতামত সংবিধানের কোন প্রবিধানে প্রতিফলিত হয়?

(1) রাজ্যের সংরক্ষিত ক্ষমতা
(2) রাষ্ট্রপতির ভেটো
(3) ব্যক্তিগত সম্পত্তি গ্রহণ করার ক্ষমতা
(4) কংগ্রেসের আন্তঃরাজ্য ব্যবসা-বাণিজ্য নিয়ন্ত্রণ করার ক্ষমতা

16 রাষ্ট্রপতি রুসভেল্ট (President Roosevelt)-এর বার্তা মার্কিন যুক্তরাষ্ট্রের কোন আর্থিক নীতিকে চ্যালেঞ্জ করেছিল?

(1) বাণিজ্যবাদ
(2) সরকারী হস্তক্ষেপবিহীন নীতি
(3) সংরক্ষণ নীতি
(4) সাপ্লাই-সাইড

17 ও 18 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . গত ছাব্বিশ ফেব্রুয়ারিতে কংগ্রেসকে সম্বোধন করার সময় আমি ভেবেছিলাম অস্ত্র ব্যবহারে আমাদের নিরপেক্ষ অধিকার প্রয়োগ করা, বেআইনী হস্তক্ষেপের বিরুদ্ধে আমাদের মহাসাগরগুলি ব্যবহার করার অধিকার, অবৈধ হিংস্রতার বিরুদ্ধে আমাদের জনসাধারণকে সুরক্ষিত করার আমাদের অধিকার প্রয়োগ করা যথেষ্ট হবে। তবে এখন মনে হচ্ছে সশস্ত্র নিরপেক্ষতা আর বাস্তবসম্মত না। জার্মান সাবমেরিন যেমন বাণিজ্যিক জাহাজের উপর ব্যবহার করে সাবমেরিন দস্যুবৃত্তি হয়ে উঠেছে, তাদের আক্রমণের বিরুদ্ধে জাহাজগুলিকে রক্ষা করা অসম্ভব হয়ে উঠেছে, দেশের আইনে মনে করা হয়েছিল বেসরকারী বা ক্রুজারদের বিরুদ্ধে ব্যবসায়ীরা নিজেদের প্রতিরক্ষা করতে পারবে, তবে খোলাখুলি সাগর পথে আক্রমণ চলছে . . . .

উৎস: President Woodrow Wilson (রাষ্ট্রপতি উড্রো উইলসন),
Joint Address to Congress (কংগ্রেসের উদ্দেশ্যে যৌথ সম্বোধন), 1917

17 এই সম্বোধনে রাষ্ট্রপতি উড্রো উইলসন (President Woodrow Wilson) কেন এই উপসংহারে পৌঁছেছিলেন যে নিরপেক্ষতা এখন আর মার্কিন যুক্তরাষ্ট্রের প্রয়োগসাধ্য নীতি হতে পারে না?

(1) জার্মান সরকার মার্কিন যুক্তরাষ্ট্র এলাকায় আক্রমণ করেছিল।

(2) জার্মান সাবমেরিন মার্কিন যুক্তরাষ্ট্রের জাহাজ ও নাগরিকদের উপর আক্রমণ করেছিল।

(3) মিত্রশক্তি বেশ কয়েকটি ক্ষেত্রে যুদ্ধ শুরু করে দিয়েছিল।

(4) জার্মানি একাধিক শান্তি চুক্তি ভঙ্গ করেছিল।

18 রাষ্ট্রপতি উইলসন (President Wilson)-এর 1917 এর সম্বোধনে কংগ্রেসের কী প্রতিক্রিয়া ছিল?


(1) তারা প্রতিনিধিদের সাথে দেখা করার জন্য আপস আলোচনার লোক পাঠিয়েছিল।

(2) তারা জার্মিনর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার পক্ষে ভোট দিয়েছিল।

(3) তারা জার্মানিতে পাঠানো ও সেখান থেকে আসা পণ্যে অবরোধ জারি করেছিল।

(4) তারা লীগ অব নেশন্সকে জার্মানি দ্বারা সাবমেরিন ব্যবহার করে যুদ্ধ থামাতে বলেছিল।

19 নম্বর প্রশ্নের উত্তর নিচের পোস্টার এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: Social Security Board (সামাজিক সুরক্ষা বোর্ড), 1936

19 এই ছবির 1936 পোস্টারের উদ্দেশ্য ছিল আমেরিকানদের উৎসাহিত করা

(1) সরকারী চাকরিতে যোগদান করায়

(2) কম দামের মেডিকাল বিমা পাওয়ায়

(3) জাতীয় অবসরগ্রহণ ব্যবস্থায় নথিভুক্ত হওয়ায়

(4) জাতীয় নির্বাচনে তাদের ভোটাধিকার প্রয়োগ করায়

20 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . বিশ্ব শান্তির বিপক্ষে অপরাধের দায়ে ইতিহাসের সর্বপ্রথম মামলা করার সুযোগের সাথে এক গুরুদায়িত্বও আছে। আমরা যে অন্যায়গুলির নিন্দা করতে চাই ও শাস্তি দিতে চাই সেসব এতটাই ইচ্ছাকৃত, এতটাই ক্ষতিকর ও এতটাই বিধ্বংসী যে সভ্যতা এদের অজ্ঞ বলে মেনে নিতে পারে না, কারণ এর পুনরাবৃত্তি অসহনীয় হয়ে উঠবে। চারটি অসাধারণ দেশ, বিজয়ে গর্বিত এবং আঘাতে জর্জরিত হওয়া সত্ত্বেও প্রতিশোধপরায়ণ না হয়ে স্বেচ্ছাকৃত ভাবে তাদের হাতে ধরা পড়া শত্রুদের আইনের বিচারের কাঠগড়ায় দাঁড় করিয়েছে, এটা যুক্তির কাছে শক্তির এক মহতী শ্রদ্ধার্ঘ্য বলা যায়। . . .

উৎস: Justice Robert H. Jackson, Opening Statement, Nuremberg Trials
(প্রারম্ভিক বিবৃতি, ন্যুরেমবার্গ ট্রায়াল্স), 21 নভেম্বর1, 1945

20 এই অনুচ্ছেদে উল্লিখিত ন্যুরেমবার্গ ট্রায়াল্সের উদ্দেশ্য ছিল

(1) জার্মানিকে যুদ্ধের ক্ষতিপূরণ করতে বাধ্য করা
(2) ইউরোপ ব্যাপী তড়িৎ সমরাভিযানের জন্য জার্মানিকে শাস্তি দেওয়া
(3) জার্মানবাসীদের নাৎসি পার্টির বিষয়ে সতর্ক করা
(4) মানবতার বিরুদ্ধে অপরাধের দায়ে জার্মান নেতাদের দায়বদ্ধ করা

---

প্রশ্ন 21-এর উত্তর নিচে দেওয়া মানচিত্র এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন।

**ইউরোপ, 1946**




উৎস: Thomas A. Bailey, *A Diplomatic History of the American People*
(আমেরিকান জনগণের কূটনৈতিক ইতিহাস), Prentice-Hall, 1974 (অভিযোজিত)

21 এই ম্যাপে দেখানো পরিস্থিতিতে মার্কিন যুক্তরাষ্ট্রের কী প্রতিক্রিয়া ছিল?

(1) পশ্চিম ইউরোপীয় দেশগুলিকে আর্থিক সাহায্য দেওয়া
(2) সোভিয়েত ইউনিয়নের বিরুদ্ধে অবিলম্বে সামরিক কর্মকাণ্ড শুরু করা
(3) জাতিসংঘকে পূর্ব ইউরোপে সেনাবাহিনী পাঠানোর জন্য আহ্বান জানানো
(4) নর্থ অ্যাটলান্টিক ট্রিটি অর্গানাইজেশন (NATO)-কে দেওয়া আর্থিক সাহায্য সরিয়ে দেওয়া

---

22 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া উদ্ধৃতি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন।

> . . . আমার হাতে এখন 205 জনের একটা তালিকা আছে- সেক্রেটারি অফ স্টেটকে জানানো হয়েছিল যে এরা কমিউনিস্ট পার্টির সদস্য অথচ এখনও এরা স্টেট ডিপার্টমেন্টের নীতি নির্ধারণ করেন এবং এই বিষয়ে কাজ করে চলেছেন। . . .

উৎস: Joseph McCarthy (জোসেফ ম্যাকার্থি), Address in Wheeling, West Virginia (হুইলিং, পশ্চিম ভার্জিনিয়ায় সম্বোধন), 9 ফেব্রুয়ারি, 1950

> . . . আমাদের মধ্যে যারা গলা বাড়িয়ে আমরিকাবাদের বিরুদ্ধে চরিত্র হননের দোষারোপ করে, প্রায়ই তারাই আমাদের কথা ও কাজের মত, আমেরিকাবাদের কয়েকটা মৌলিক নীতি অগ্রাহ্য করে চলেছে-
>
> সমালোচনা করার অধিকার।
>
> জনপ্রিয় না এমন ধারণা পোষণ করার অধিকার।
>
> প্রতিবাদ করার অধিকার।
>
> স্বাধীন ধারণা পোষণ করার অধিকার . . .

উৎস: Margaret Chase Smith, Declaration of Conscience (বিবেকের ঘোষণা), 1 জুন, 1950

22 একজন ঐতিহাসিক এই বিষয়ে অধ্যয়ন করার জন্য এই উদ্ধৃতিগুলিকে সবচেয়ে বেশি উপকারী মনে করবেন

(1) নাগরিক স্বাধীনতায় রেড স্কেয়ার (Red Scare)-এর প্রভাব

(2) নিউ ডীল (New Deal) সংস্কারে বিরোধিতা

(3) আন্তর্জাতিক বিষয় নিয়ে তর্ক বিতর্ক

(4) এক্সেকিউটিভ কেবিনেট নিয়োগ নিয়ে চিন্তা

---

23 এবং 24 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**"টস্ক টস্ক—সামবডি শুড ডু সামথিং অ্যাবাউট দ্যাট"**




উৎস: Herblock, *Washington Post,* 3 এপ্রিল, 1956 (অভিযোজিত)

23 রাষ্ট্রপতি ডোয়াইট ডি. আইজেনহাওয়ার (President Dwight D. Eisenhower)-এর এই ব্যর্থতার জন্য এই কার্টুনিস্ট তার সমালোচনা করছেন

(1) সার্বজনীন আবাসনে সরকারি সমর্থন দেওয়া
(2) আফ্রিকান আমেরিকান জন্য সাম্য প্রচার করা
(3) সাউথ অর্থাৎ দক্ষিণ অঞ্চলে প্রাকৃতিক দুর্যোগের সমাধানের প্রয়াস করা
(4) কঠোর জন নিরাপত্তার পদ্ধতি প্রয়োগ করা

24 1957 এ, লিটল রক, আরকানসাসে নাগরিক অধিকার সংকটের মোকাবিলা করতে রাষ্ট্রপতি আইজেনহাওয়ার (President Eisenhower) সামরিক সেনা পাঠিয়েছিলেন

(1) স্কুল একীকরণে সুপ্রিম কোর্টের সিদ্ধান্ত বলবৎ করার জন্যে
(2) আন্তঃরাজ্য বাসে ফ্রিডম রাইডারদের সুরক্ষিত রাখতে
(3) কু ক্লাক্স ক্লান (Ku Klux Klan)-এর নেতাদের গ্রেপ্তার করতে
(4) ভোটদাতা রেজিস্ট্রেশন অভিযানে হিংসা প্রতিরোধ করার জন্য

25 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া উদ্ধৃতি এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন।

> . . . সম্প্রতি কয়েক মাসে, আমার প্রশাসনিক দলের কয়েকজন সদস্য এবং রাষ্ট্রপতি পুনরায় নির্বাচনের কমিটির কর্মকর্তাদের -তাতে আমার কয়েকজন অতি ঘনিষ্ঠ বন্ধু এবং সবচেয়ে বিশ্বস্ত সহযোগীও আছেন- বিরুদ্ধে এমন অভিযোগ আনা হয়েছে যার নাম দেওয়া হয়েছে ওয়াটারগেট অ্যাফেয়ার্স। তাতে 1972 সালের রাষ্ট্রপতি নির্বাচনের সময় ও তার আগে বেআইনী কাজকর্মের অভিযোগ এবং দায়িত্বশীল কর্মকর্তারা বেআইনী কাজকর্ম আড়াল করার প্রয়াসে জড়িত থাকার অভিযোগ আনা হয়েছে। . . .

উৎস: President Richard M. Nixon (রাষ্ট্রপতি রিচার্ড এম. নিক্সন), *Address to the Nation* (জাতির উদ্দেশে ভাষণ), 30 এপ্রিল, 1973

25 ওয়াটারগেট অ্যাফেয়ার্স (Watergate affair) সংক্রান্ত একটা পরিণাম কী ছিল?


(1) ভিয়েতনাম যুদ্ধ ক্রমশ বেড়ে চলেছিল।

(2) চীনের সাথে বাণিজ্যের দ্রুত প্রসার হচ্ছিল।

(3) অভিবাসন সংস্কারের পক্ষে সমর্থন বেড়েছিল।

(4) অবশেষে রাষ্ট্রপতি নিক্সন রাষ্ট্রপতি পদ থেকে ইস্তফা দিয়েছিলেন।

26 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন




উৎস: Jack Ohman, *The Oregonian,* জানুয়ারি 1992

26 এই কার্টুনে বর্ণিত আইডিয়া দ্বারা কোন বক্তব্য সবচেয়ে ভালোভাবে সমর্থিত হয়?

(1) যুদ্ধ করার ক্ষমতা প্রশাসনিক অর্থাৎ এক্সেকিউটিভ ও লেজিস্লেটিভ অর্থাৎ আইন বিভাগের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হয়।

(2) লেজিস্লেটিভ বিভাগ তাদের যুদ্ধ করার ক্ষমতা প্রয়োগ প্রত্যাখ্যান করেছে।

(3) প্রশাসনিক বিভাগের যুদ্ধ করার ক্ষমতা সম্প্রসারিত হয়েছিল।

(4) বিচার বিভাগ প্রায়ই প্রশাসনিক বিভাগের যুদ্ধ করার ক্ষমতা খর্ব করে দেয়।

27 এবং 28 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: Dana Summers, *Tribune Content Agency*, 2015

27 এই কার্টুনে কোন সমস্যা বর্ণিত হচ্ছে?

(1) নতুন আইনের ভাষায় আমেরিকানরা বিভ্রান্ত হয়েছিল।

(2) প্যাট্রিয়ট অ্যাক্ট মার্কিন যুক্তরাষ্ট্রের যথেষ্ট সংখ্যক মানুষের ক্ষেত্রে প্রযোজ্য হয়নি।

(3) প্যাট্রিয়ট অ্যাক্ট দেশকে সুরক্ষিত রেখেছিল তবে ব্যক্তি অধিকার খর্ব করছিল।

(4) লোকেদের চিন্তা ছিল এই প্যাট্রিয়ট অ্যাক্ট দেশকে যথেষ্ট সুরক্ষিত করতে পারেনি।

28 প্যাট্রিয়ট অ্যাক্ট পাস করায় কোন ঘটনার সরাসরি প্রভাব পড়েছিল?

(1) কুয়েতের উপর ইরাকের আক্রমণ

(2) স্নায়ু যুদ্ধ সমাপ্তি

(3) সোভিয়েতের স্পুটনিক উৎক্ষেপণ

(4) সেপ্টেম্বর 11, 2001 এ মার্কিন যুক্তরাষ্ট্রের উপর সন্ত্রাসবাদীদের আক্রমণ

**সংক্ষিপ্ত রচনাধর্মী প্রশ্ন (29 ও 30) এবং (37)-নম্বরে নাগরিক সাক্ষরতা সংক্রান্ত রচনামূলক প্রশ্নের উত্তর আলাদা উত্তরপত্রে লিখতে হবে।**

## অংশ II

## সংক্ষিপ্ত-রচনা ধরনের প্রশ্নগুলি (SEQগুলি)

**এই সংক্ষিপ্ত-রচনাধর্মী প্রশ্নগুলি সঙ্গে দেওয়া নথিগুলির উপর ভিত্তি করে এবং ঐতিহাসিক নথি নিয়ে আপনার কাজ করার ক্ষমতা পরীক্ষা করার জন্য তৈরি করা হয়েছে। প্রতিটি সংক্ষিপ্ত-রচনাধর্মী প্রশ্নের সেটে দু'টি করে নথি আছে। এই প্রশ্নগুলির উদ্দেশ্যে এই নথিগুলির কয়েকটি সম্পাদনা করা হয়েছে। মনে রাখবেন একটি নথিতে ব্যবহৃত ভাষা এবং ছবি সেই সময়ের ঐতিহাসিক প্রসঙ্গের প্রতিফলন করতে পারে যখন এটি তৈরি করা হয়।**

---

### SEQ সেট 1 (প্রশ্ন 29)

কাজ: **নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করে দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথিগুলির ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন।
- নথিতে প্রাপ্ত এই সমস্ত ঘটনা বা ধারণাগুলির মধ্যেকার ***সম্পর্ক*** (কারণ ও প্রভাব, ***কিংবা*** সাদৃশ্য/বৈসাদৃশ্য, ***অথবা*** মোড়) শনাক্ত করুন ও তা ব্যাখ্যা করুন।

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিপ্ত রচনাটি তৈরি করার সময় অবশ্যই এই ব্যাখ্যাগুলি মনে রাখবেন:

**বর্ণনা করুন** বলতে বোঝায় "কোনো কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা।"

**ঐতিহাসিক প্রেক্ষাপট** হল "এই নথিগুলিতে দেওয়া ঘটনা, ধারণা, বা বিকাশের সাথে জড়িত বা সেগুলিকে যুক্ত করে এমন প্রাসঙ্গিক ঐতিহাসিক পরিস্থিতি।"

**শনাক্ত করুন** অর্থ "একটি নাম দেওয়া বা নামকরণ করা।"

**ব্যাখ্যা করুন**—বলতে "সরল করে বলা বা বোধগম্য করা বা; কোনো কিছুর কারণ দর্শানো; কিংবা কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা সম্পর্ককে দেখানো" বোঝায়।

**<u>সম্পর্কের ধরন:</u>**

**কারণ** অর্থ "কোনো কিছু যা একটি ঘটনা ঘটার প্রতি অবদান রাখে, একটি ধারনার জাগরণ, বা কোনো বিকাশ সংঘটিত করা।"

**প্রভাব** বলতে "কোনো ঘটনা, ধারণা বা কোনো কিছুর বিকাশের পরিণাম (ফলাফল, প্রভাব বা পরিণতি)-কে বোঝায়।"


**সাদৃশ্য** বলতে "কোনো বিষয়ের সাথে কোনো কিছুর সাদৃশ্যকে বোঝায়।"

**বৈসাদৃশ্য** বলতে বোঝায় "কীভাবে কোনো কিছু অন্য কোনো কিছুর মত নয় বা একইরকম নয়।"

**সন্ধিক্ষণ** হল "বড় ঘটনা, ধারণা বা ঐতিহাসিক বিকাশ যা উল্লেখযোগ্য পরিবর্তন নিয়ে আসে। এটি স্থানীয়, আঞ্চলিক, জাতীয়, বা বৈশ্বিক হতে পারে।"

***SEQ সেট 1-এর নির্দেশনা* (প্রশ্ন 29):** নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন আপনার সংক্ষিপ্ত রচনাটি একটি পৃথক রচনা পুস্তিকায় লেখার আগে।

## নথি 1




উৎস: Historical Statistics of the United States (মার্কিন যুক্তরাষ্ট্রের অতীতের পরিসংখ্যান), (অভিযোজিত)

**নথি 2**

. . . আমাদের জাতীয় জীবনের প্রতিটি অন্ধকার সময়ে, স্পষ্টবাদিতা এবং প্রাণশক্তির নেতৃত্ব জনগণের সেই উপলব্ধি এবং সমর্থনের সাথে মিলিত হয়েছে যা বিজয়ের জন্য অপরিহার্য। আমি নিশ্চিত যে এই সংকটময় সময়ে আপনারা আবারও এই নেতৃত্বে একই রকম সমর্থন দেবেন।

আমার এবং আপনাদের এই মনোভাব নিয়ে আমাদের সবার সমস্যার মোকাবিলা করতে হবে কৃষকদের উৎপাদিত পণ্যের বাজার নেই, হাজার হাজার পরিবারের বহু বছরের কষ্টার্জিত সঞ্চয় হারিয়ে গিয়েছে।

আরও গুরুত্বপূর্ণ, অজস্র বেকার নাগরিকের অস্তিত্ব নিয়ে প্রশ্ন চিহ্ন উঠেছে, এবং অজস্র মানুষ সামান্য অর্থের বিনিময়ে হাড়ভাঙা পরিশ্রম করে চলেছে। একমাত্র মূর্খ আশাবাদী এই সময়কার বিভীষিকাময় বাস্তব অস্বীকার করবে।

আমাদের সবচেয়ে বড় প্রাথমিক কাজ হচ্ছে মানুষকে কাজে লাগানো। আমরা যদি বিচক্ষণতা এবং সাহসের সাথে এটির মুখোমুখি হই তবে এটি কোনও অমীমাংসিত সমস্যা নয়।

অবশেষে, কাজ পুনরায় শুরু করার দিকে আমাদের অগ্রগতির জন্য আমাদের পুরানো আদেশের কুফল ফিরে আসার বিরুদ্ধে দুটি সুরক্ষার প্রয়োজন: সমস্ত ব্যাঙ্কিং এবং ক্রেডিট এবং বিনিয়োগের কঠোর তত্ত্বাবধান থাকতে হবে, অন্যদের অর্থ নিয়ে সাথে জল্পনা-কল্পনার অবসান করতে হবে এবং পর্যাপ্ত কিন্তু ভালো মুদ্রার ব্যবস্থা থাকতে হবে।

উৎস: President Franklin D. Roosevelt (ফ্র্যাঙ্কলিন ডি. রুজভেল্ট), First Inaugural Address (প্রথম অভিষেক ভাষণ), 4 মার্চ,, 1933 (অভিযোজিত)

---

**SEQ সেট 1 (প্রশ্ন 29)**

**কাজ: নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করে দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথিগুলির করে ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন
- নথিতে প্রাপ্ত এই সমস্ত ঘটনা বা ধারণাগুলির মধ্যেকার ***সম্পর্ক*** (কারণ ও প্রভাব, ***কিংবা*** সাদৃশ্য/বৈসাদৃশ্য, ***অথবা*** মোড়) শনাক্ত করুন ও তা ব্যাখ্যা করুন।

**নির্দেশিকা:**

**আপনার সংক্ষিপ্ত রচনায় অবশ্যাই**

- কাজটির সকল দিক প্রকাশ করবেন
- প্রাসঙ্গিক বাহ্যিক তথ্য অন্তর্ভুক্ত করবেন
- কাজটিকে প্রাসঙ্গিক তথ্য এবং উদাহরণের সাহায্যে সমর্থন করবেন

আপনার দুই বা তিন অনুচ্ছেদের রচনায় একটি পৃথক ভূমিকা বা উপসংহার অন্তর্ভুক্ত করার প্রয়োজন *নেই*।

**এই পৃষ্ঠা ইচ্ছাকৃতভাবে ফাঁকা রাখা হয়েছে।**

## SEQ সেট 2 (প্রশ্ন 30)

**কাজ: নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করে দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথি 1 ও 2-এর ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন
- **বিশ্লেষণ করুন নথি 1** মূল্যায়ন করে কীভাবে তা *দর্শক,* **বা** *উদ্দেশ্য,* **বা** *পক্ষপাত,* **বা** *দৃষ্টিভঙ্গি*-এর কারণে বিশ্বাসোগ্য এর কারণে বিশ্বাসযোগ্য ও সাক্ষ্যবহ নথিতে সীমাবদ্ধ

আপনার দুই বা তিন অনুচ্ছেদের সংক্ষিপ্ত রচনাটি তৈরি করার সময় অবশ্যই এই ব্যাখ্যাগুলি মনে রাখবেন:

**বর্ণনা করুন** বলতে বোঝায় "কোনো কিছু শব্দে বোঝানো বা তা সম্পর্কে বলা।"

**ঐতিহাসিক প্রেক্ষাপট** হল "এই নথিগুলিতে দেওয়া ঘটনা, ধারণা, বা বিকাশের সাথে জড়িত বা সেগুলিকে যুক্ত করে এমন প্রাসঙ্গিক ঐতিহাসিক পরিস্থিতি।"

**বিশ্লেষণ করুন** বলতে "কোনো নথিকে পরীক্ষা করে এর উপাদান ও সম্পর্ক অনুধাবন করাকে বোঝানো হয়।"

**ব্যাখ্যা করুন**—বলতে "সরল করে বলা বা বোধগম্য করা বা; কোনো কিছুর কারণ দর্শানো; কিংবা কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা সম্পর্ককে দেখানো" বোঝায়।

**নির্ভরযোগ্যতা** নির্ধারণ করা হয় একটি উৎসে প্রাপ্ত তথ্য কতটা নিখুঁত এবং উপযোগী একটি নির্দিষ্ট উদ্দেশ্য সাধনের জন্য তার উপর ভিত্তি করে।

***SEQ সেট 2-এর নির্দেশনা* (প্রশ্ন 30):** নিম্নলিখিত নথিগুলি পড়ুন এবং বিশ্লেষণ করুন আপনার সংক্ষিপ্ত রচনাটি একটি পৃথক রচনা পুস্তিকায় লেখার আগে।

## নথি 1


রাষ্ট্রপতি ফ্র্যাঙ্কলিন পিয়ার্স (President Franklin Pierce) 1853-এ জেমস গুথ্রি (James Guthrie)-কে সেক্রেটারি অফ ট্রেজারি নিয়োগ করেছিলেন। দেশের অর্থব্যবস্থার বিষয়ে কংগ্রেসের সামনে বিস্তারিত বার্ষিক রিপোর্ট উপস্থিত করার দায়িত্ব ছিল গুথ্রির কাছে।

> . . . [গ্রেট] লেকে পৌঁছানোমাত্র, চলাচলযোগ্য জল পথ তার মধ্যে দিয়ে প্রায় এক হাজার মাইল পর্যন্ত ভিতর দিক পর্যন্ত প্রসারিত করা হয়েছিল। ওয়েস্টার্ন অর্থাৎ পশ্চিমের রাজ্যগুলি তখনই ঐ সুবিশাল জল পথ ধরে, তাদের এলাকার আরও দূর দূরান্তের অংশগুলির সাথে যোগাযোগ স্থাপনের জন্য এই একই রকম কাজ তৈরি করতে লাগল। এইসব কাজে এরি ক্যানালের বৈশিষ্ট্য ও নির্দেশ অনুসরণ করা হয়েছিল, যা ওয়েস্টের প্রায় অধিকাংশ অংশের জন্য বহির্গমনের পথ হয়ে উঠল।
>
> সমগ্র দেশের ব্যবসা বাণিজ্য, বিকাশ ও সমৃদ্ধিতে এই ক্যানালের প্রভাব কত সুদূর প্রসারী ছিল সেটা অনুমান করা কঠিন, কারণ এটা ছাড়া কী পরিস্থিতি হত তা কল্পনা করা সম্ভব না।
>
> এই কাজটি না করা হলে, ওয়েস্ট উপনিবেশ স্থাপনকারীদের বিশেষ উৎসাহবর্ধন করত না (ইনসেন্টিভ দিত না), এবং তার সবচেয়ে জরুরী পণ্যসম্ভারের বাজার পাওয়ার সুযোগ থেকে বঞ্চিত হয়ে যেত, এবং তার ফলে তার বেশ কিছু সবচেয়ে জরুরী পণ্যসম্ভার সরবরাহ করার উপায় তার কাছে থাকত না। দেশের ঐ অংশগুলো এখনকার সময় পর্যন্ত হয়ত অপেক্ষাকৃত জনবসতি বিহীন হয়ে পড়ে থাকত, এবং এখন যেখানে সমৃদ্ধ ও জনবহুল সম্প্রদায়ের বসবাস, সেখানে আমরা কৃষিকাজের অযোগ্য বন্য ভূমি পেতাম।
>
> একইভাবে ইস্ট অর্থাৎ পূর্বাঞ্চলেও তেমন বিকাশ হতে পারত না। এই ক্যানাল তাদের সস্তায় খাদ্য সরবরাহ করেছে, যাতায়াতের পথ তৈরি করে দিয়েছে এবং উৎপাদক এবং বাণিজ্যিক কাজকর্মে সুরাহা করে পণ্যসম্ভারের বাজার তৈরি করে দিয়েছে। . . .

উৎস: James Guthrie, Secretary of the Treasury, “The Impact of the Erie Canal” (এরি খালের প্রভাব), 1853

## নথি 2

### গ্রেট লেক শিপিং




উৎস: University of Michigan, Department of Geography (অভিযোজিত)

---

### SEQ সেট 2 (প্রশ্ন 30)

**কাজ: আপনার এই নথিগুলি পড়ার এবং বিশ্লেষণ করার উপরভিত্তি করে, আপনার সমাজ বিদ্যার জ্ঞান প্রয়োগ করুন দুই বা তিন অনুচ্ছেদের একটি সংক্ষিপ্ত রচনা লেখার জন্য যাতে আপনি:**

- নথি 1 ও 2-এর ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন
- **বিশ্লেষণ করুন নথি 1** মূল্যায়ন করে কীভাবে তা *দর্শক*, **বা** *উদ্দেশ্য*, **বা** *পক্ষপাত*, **বা** *দৃষ্টিভঙ্গি*-এর কারণে বিশ্বাসোগ্য ও সাক্ষ্যবহ নথিতে সীমাবদ্ধ

**নির্দেশিকা:**

**আপনার সংক্ষিপ্ত রচনায় অবশ্যাই**

- কাজটির সকল দিক প্রকাশ করবেন
- প্রাসঙ্গিক বাহ্যিক তথ্য অন্তর্ভুক্ত করবেন
- কাজটিকে প্রাসঙ্গিক তথ্য এবং উদাহরণের সাহায্যে সমর্থন করবেন

আপনার দুই বা তিন অনুচ্ছেদের রচনায় একটি পৃথক ভূমিকা বা উপসংহার অন্তর্ভুক্ত করার প্রয়োজন *নেই*।

নাম ________________________________ স্কুল ________________________________

## অংশ III

## নাগরিক স্বাক্ষরতা সংক্রান্ত রচনা (প্রশ্ন নম্বর 31–37)

**নাগরিক সাক্ষরতা সংক্রান্ত রচনার প্রশ্নটি এটির সাথে থাকা নথির উপর নির্ভর করে। প্রশ্নটি আপনার ঐতিহাসিক নথি নিয়ে কাজ করার ক্ষমতার পরীক্ষা করার জন্য তৈরি। এই প্রশ্নের উদ্দেশ্যে এই নথিগুলির কয়েকটি সম্পাদনা করা হয়েছে। নথিগুলি বিশ্লেষণ করার সময় প্রতিটি নথির উৎস এবং এই নথিতে উপস্থাপন করতে পারে এমন যেকোনো দৃষ্টিভঙ্গি বিবেচনা করুন। মনে রাখবেন একটি নথিতে ব্যবহৃত ভাষা এবং ছবি সেই সময়ের ঐতিহাসিক প্রসঙ্গের প্রতিফলন করতে পারে যখন এটি তৈরি করা হয়।**

**ঐতিহাসিক প্রেক্ষাপট: প্রোহিবিশন**

মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস জুড়ে বহু সাংবিধানিক ও নাগরিক সমস্যা নিয়ে মার্কিনীদের মধ্যে বিতর্ক সৃষ্টি হয়েছে। স্বতন্ত্র কোনো ব্যক্তি, গোষ্ঠী এবং সরকারের মাধ্যমে সমস্যাগুলির সমাধানেরও চেষ্টা হয়েছে। প্রচেষ্টাগুলি বিভিন্ন মাত্রায় সফলতাও পেয়েছে। এই সাংবিধানিক ও নাগরিক সমস্যাগুলির মধ্যেকার একটি সমস্যা হল - *প্রোহিবিশন।*

**কাজ:** A-ভাগের নথিগুলি পড়ুন ও বিশ্লেষণ করুন। এই নথির তথ্য এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে, A ভাগের প্রতিটি নথির নিচে থাকা প্রশ্নের উত্তর দিন। আপনার লিখিত প্রশ্নের উত্তর B ভাগের প্রবন্ধ লিখতে সাহায্য করবে, যেখানে জিজ্ঞাসা করা হবে

- উক্ত সাংবিধানিক ও নাগরিক অধিকারকে কেন্দ্র করে তৈরি হওয়া দাবির ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন।
- এই সাংবিধানিক বা নাগরিক সমস্যা সমাধানের জন্য ব্যক্তি, গোষ্ঠী এবং/অথবা সরকারের প্রচেষ্টা ব্যাখ্যা করুন
- মার্কিন যুক্তরাষ্ট্র এবং/অথবা আমেরিকান সমাজে প্রচেষ্টার প্রভাব নিয়ে আলোচনা করুন

**অংশ III-এর উত্তরগুলি তৈরি করার সময় এই সাধারণ সংজ্ঞাগুলি মনে রাখবেন:**

**(a) <u>বর্ণনা করা</u> বলতে "কোনো বিষয়কে শব্দে বিস্তারিত ভাবে ব্যাখ্যা করার কথা বোঝানো হয়।"**

**(b) <u>ব্যাখ্যা করুন</u>—বলতে "সরল করে বলা বা বোঝা যায় এমন করা বা; কোনো কিছুর কারণ বলা; কিংবা কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা সম্পর্ককে দেখানো বোঝায়।"**

**(c) <u>আলোচনা করুন</u> বলতে "কোনো বিষয়কে পুঙখানুপুঙখভাবে প্রকাশ করার জন্য কোনো তথ্য, যুক্তি এবং তর্কের উপস্থাপনাকে বোঝানো হয়"**

**নাগরিক সাক্ষরতা সংক্রান্ত রচনা**
**অংশ A**
**সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর (31–36)**

*নির্দেশনা:* নথিগুলি বিশ্লেষণ করুন এবং প্রতিটি নথির পরে যে সংক্ষিপ্ত প্রশ্নগুলি আছে প্রদত্ত স্থানে তার উত্তর দিন।

**নথি 1**

. . . ঊনবিংশ শতাব্দীর প্রথমার্ধে টেম্পারেন্স আন্দোলনের একটা সম্প্রসারণ ছিল এই প্রোহিবিশন আন্দোলন। প্রজাতন্ত্রের প্রতিষ্ঠাতাদের মধ্যে মাদক পানীয় প্রায় নিয়মিত অভ্যাস ছিল। এখন মাথা পিছু যতটা পরিমাণ অ্যালকোহল সেবন করা হয় প্রথম দিকে তা বহুগুণ বেশি ছিল, এবং বিয়ার খাওয়ার রেওয়াজ প্রায় ছিলই না। 1812 এর যুদ্ধের পর, নিউ ইংল্যান্ড স্টেটসে ওয়েস্ট ইন্ডিয়ান রামের বিশাল ব্যবসা গড়ে উঠেছিলি, বিশেষ করে মেইনে এই পানীয় প্রচুর পরিমাণে সেবন করা হত, এবং ঐসব রাজ্যে উৎপাদিত হেভি লিকার খাওয়ার পরিপূরক হয়ে উঠেছিল। 1827 সালে, শুধুমাত্রে মেইনে যেখানে জনসংখ্যা ছিল 360,000, 1,333,160 গ্যালন লিকার তৈরি করা হয়েছিল, এবং প্রায় প্রতিটি দোকান ও মদের দোকানে সেসব বিক্রি করা হত। বিপর্যয়কর সামাজিক পরিণাম সহ মাতলামি অতি কুৎসিত আকার নিয়ে সর্বত্র ছড়িয়ে পড়েছিল। জেলখানা ও পুওরহাউজে যত লোকের হদিশ পাওয়া যেত তাতে এর যথেষ্ট সাক্ষ্য প্রমাণ ছিল।

উৎস: L. Ames Brown, "Prohibition" (নিষেধাজ্ঞা), *The North American Review*, নভেম্বর 1915

31 এল. অ্যামেস ব্রাউনন (L. Ames Brown)-এর, প্রোহিবিশনকে কেন্দ্র করে কোন ***একটি*** ঐতিহাসিক পরিস্থিতি দেখা দিয়েছিল? [1]


Score

**নথি 2**

# ন্যাশনাল প্রোহিবিশন

## অনুমোদনের ম্যাপ

**রাজ্যগুলি যে ক্রমে ন্যাশনাল প্রোহিবিশন সংশোধন অনুমোদন করেছে তা নম্বরে জানানো হয়েছে**




**এই ম্যাপে দেখানো হয়েছে যে 31 জানুয়ারী 1919 এর এই তারিখে এখনও পর্যন্ত মাত্র চারটে রাজ্য অনুমোদন করেনি। এর মধ্যে তিনটি, পেনসিলভানিয়া, কানেক্টিকাট এবং রোড আয়ল্যান্ড এই তারিখের আগে অনুমোদন করবে আশা করা হচ্ছে। এমনকি নিউ জার্সিও হয়ত অনুমোদন করে সর্বসম্মত ফলাফল দেখাবে।**

## ন্যাশনাল লেজিস্লেটিভ কমিটি অফ দ্য অ্যান্টি-সেলুন লীগ অফ আমেরিকার বিবৃতি

সংবিধানে নিষেধের সংশোধনে অনুমোদনের নেপথ্যে আছে অ্যান্টি-সেলুন লীগের পঁচিশ বছরের বেশি সমকালের পরিশ্রম, এরা দেশের নৈতিক ও ধর্মীয় শক্তির প্রতীকস্বরূপ। স্বাধীনতা ঘোষণার পর এটা আমেরিকায় নৈতিক সংস্কার সাধনের সর্ববৃহৎ সাফল্য।

এখনও পর্যন্ত যে কৃতিত্ব অর্জন করা হয়েছে তার সমান আবশ্যকীয় আরেকটি দায়িত্ব নিষেধ বাহিনীর কাছে আছে, সেটা হল এই আইন সম্পূর্ণ অর্থে বলবৎ করার জন্য বড় শহর ও ওয়েট ডিস্ট্রিক্টগুলিতে জনসাধারণের অনুভূতি ঐক্যবদ্ধ করা এবং কংগ্রেস ও রাজ্যের পক্ষ থেকে এই আইন সঠিক উপায়ে প্রণয়ন সুনিশ্চিত করা।

এই দেশে নিষধাজ্ঞার আশ্বাসন দেওয়ার পরে, আমেরিকান মাদক বিরোধী শক্তির প্রয়াস দ্বিগুণ করতে হবে যাতে সব রকম নেশা উদ্রেক করার পানীয় উৎপাদন এবং বিক্রিতে বিশ্বব্যাপী নিষেধ জারি করার বৃহত্তর কাজটি সম্পন্ন করা যায়।

জেমস ক্যানন, জুনিয়ার,
ওয়েন বি. হুইলার,
আর্থার জে বার্টন,
আরনেস্ট এইচ, ক্লেরিংটন, লেজিস্লেটিভ কমিটি।

পি. এ. বেকার, জেনেরাল সুপারিনটেন্ডেন্ট।
ই সি ডিনউইডি, লেজিস্লেটিভ সুপারিনটেন্ডেন্ট

উৎস: Anti-Saloon League of America (অ্যান্টি-সালুন লীগ অফ আমেরিকা), 1919

32 এই পোস্টারের মতে, প্রোহিবিশনকে কেন্দ্র করে কোন ***একটি*** ঐতিহাসিক পরিস্থিতি দেখা দিয়েছিল? [1]

________________________________________

________________________________________

Score

## নথি 3

. . . হোয়াইট হাউজে থাকাকালীন প্রথম তিন বছরে হুভার (Hoover) কখনও প্রোহিবিশনের পক্ষ সমর্থন থেকে বিপথগামী হননি। 1929 সালে তিনি "ফাইভ অ্যান্ড টেন ল" আইনে স্বাক্ষর করেন যার ফলে এই নিষেধাজ্ঞা উল্লঙ্ঘন গুরুতর অপরাধ হিসাবে গণ্য করা হত এবং তার জাস্টিস ডিপার্টমেন্ট ফেডারেল উপায়ে এই আইন প্রণয়ন আরও সুদৃঢ় করেছিল। "আমরা কয়েদী সংখ্যা বহু গুণ বাড়িয়ে দিয়েছিলাম," হুভার তার আত্মকথায় প্রোহিবিশন উল্লঙ্ঘনকারীদের গ্রেপ্তার করার ঘটনা প্রসঙ্গে জানিয়েছেন। "আমরা জরিমানা, তালাবন্ধ করে রাখা ও বাজেয়াপ্ত করে নেওয়ার কাজগুলি বহুগুণ বাড়িয়ে দিয়েছিলাম।" অথচ তার মতে এত সব কড়া পদক্ষেপ তিনি কেবলমাত্র সাংবিধানিক কর্মকর্তার কর্তব্য হিসাবে করেছিলেন, বাস্তবে এর সমর্থন করেননি। এই মৌলিক রাজনৈতিক প্রশ্নে হুভার নিজের অনুভূতি ব্যাক্ত করতে চাননি এবং সেইমত কাজ করতে রাজি হননি...

1928 প্রচার অভিযানে প্রোহিবিশনের পক্ষ সমর্থনে হুভারের বিখ্যাত উক্তি ছিল এই নিষেধাজ্ঞা "এক অসাধারণ সামাজিক ও আর্থিক পরীক্ষামূলক পদক্ষেপ, এর উদ্দেশ্য মহৎ এবং এর লক্ষ্য সুদূর প্রসারী।" তবে তিন বছরে এই পরীক্ষামূলক পদক্ষেপ অকেজো হয়ে পড়েছিল...

1932 এর শুরু থেকে নির্বাচকমণ্ডলীর মনোভাব নিয়ে সন্দেহের বিশেষ কারণ বাকি ছিল না। ফেব্রুয়ারি ও মার্চে *দ্য লিটারারি ডাইজেস্ট* দ্বারা পরিচালিত ডাকে একটি দেশব্যাপী সার্ভেতে উত্তরদাতারা চার বনাম একের মার্জিনে অষ্টাদশক সংশোধন অর্থাৎ এইটিন্থ অ্যামেন্ডমেন্ট প্রত্যাহারের পক্ষে রায় দিয়েছিল। প্রোহিবিশনের জন্ম স্থান ওহাইও-র বাসিন্দাদের মধ্যে 112,026 ভোট এই নিষেধাজ্ঞা বাতিল করার পক্ষে ভোট দিয়েছিল এবং মাত্র just 43,284 এই নিষেধাজ্ঞা বজায় রাখার পক্ষে ভোট দিয়েছিল। একমাত্র কানসাস রাজ্য প্রোহিবিশনের পক্ষে ভোট দিয়েছিল। . . .

উৎস: Charles Rappleye, *Herbert Hoover in the White House* (হোয়াইট হাউসে হার্বার্ট হুভার), Simon & Schuster, 2016 (অভিযোজিত)

33 এই নথি অনুযায়ী, প্রোহিবিশন সংক্রান্ত সমস্যা সমাধানকারী ***একটি*** পদক্ষেপ কী ছিল? [1]

Score

## নথি 4

. . . সব মহিলা যে মদ্যপান বর্জনের পক্ষে ছিলেন না তা দেখাতে 1929 এ উইমেন্স অর্গানাইজেশন ন্যাশনাল প্রোহিবিশন রিফর্ম (WONPR) প্রতিষ্ঠিত করা হয়েছিল। উইমেন্স ক্রিশ্চান টেমপারেন্স ইউনিয়নের ব্রুকলিন-স্থিত নেত্রী এলা বুল প্রোহিবিশনের পক্ষ সমর্থন করে জানিয়েছিলেন তিনি আমেরিকার মহিলাদের" প্রতিনিধি, এবং এই কথা শোনার পরে রুখে দাঁড়িয়েছিলেন নিউ ইয়র্কে মোশালাইট পলিন স্যাবিন। 1920 সালে ভোটাধিকার অভিযানের সাফল্যের পর মহিলারা যখন ভোটদানের অধিকার পেলেন তখন WONPR, এবং বিশেষ করে স্যাবিন ছিলেন 1920র দশকের "নবজাগরিত নারী"-র প্রতিনিধি। বস্তুত WONPR এর অনেক সদস্য প্রথম দিকে 18থ অ্যামেন্ডমেন্টের পক্ষে রায় দিয়েছিলেন। তবে পরে তারা বুঝেছিলেন এই প্রোহিবিশনের ফলে অনিয়ন্ত্রিত এবং বিশেষ করে অপ্রাপ্তবয়স্কদের মধ্যে মদ্যপান ক্রমশ বেড়েছে এবং আইন দ্বারা শাসনের উপর আস্থা হারাচ্ছে। 18থ অ্যামেন্ডমেন্টের মতই, প্রোহিবিশনের ব্যাপারে WONPR এর আপত্তি কেবলমাত্র মদ্যপানকে কেন্দ্র করে ছিল না, জনসাধারণের আচরণ নিয়ন্ত্রণে সরকারের হস্তক্ষেপ নিয়েও ছিল।

আজকাল আমরা যেগুলিকে সাধারণ রাজনৈতিক অভিযানের কর্মকাণ্ড মনে করি এমন অনেক কিছু WONPR করেছিল: জন সমাবেশে সদস্যরা বক্তৃতা দিয়েছিলেন ও সভা সমিতির আয়োজন করেছিলেন, নতুন সমর্থক জোগাড় করতে সবার দোরগোড়ায়.গিয়েছিলেন, তাদের বার্তা পৌঁছে দিতে নতুন প্রযুক্তি ব্যবহার করেছিললেন- সেই সময় রেডিওর মাধ্যমে, এবং রৈজনীতিবিদদের কাছে তদবির করেছিলেন। ধনাঢ্য মহিলারা এই সংগঠন গড়ে তুলেছিলেন, এবং 1929 এর স্টক মার্কেটের পতনের ফলে যে গ্রেট ডিপ্রেশনের সূত্রপাত হয় তা সত্ত্বেও তহবিল জমা করায় সফল হয়েছিলেন। নিউ ইয়র্ক সিটি স্থিত সদর দপ্তর থেকে এই সংগঠন নিউ ইয়র্ক সিটির মধ্যে দিয়ে মোটরকেডের মত অনুষ্ঠানের আয়োজন করে বিপুল জনপ্রিয় হয়েছিল। . . .

উৎস: Sarah Seidman, "The New York Women Who Dismantled Prohibition"
(নিউ ইয়র্কের যেসব নারী নিষেধাজ্ঞা ভেঙে দিয়েছিলেন), Museum of the City of New York, 15 ডিসেম্বর, 2015

34 সারাহ সিডম্যান (Sarah Seidman)-এর মতানুসারে, প্রোহিবিশন সংক্রান্ত সমস্যা সমাধানকারী ***একটি*** পদক্ষেপ কী ছিল? [1]

Score

## নথি 5

. . . মার্কিন যুক্তরাষ্ট্রে সামাজিক আচরণের সর্বব্যাপী স্ট্যান্ডার্ড চাপিয়ে দেওয়ার জন্য যে নৈতিক ধর্মযুদ্ধের সূত্রপাত হয়েছিল তার পরিসমাপ্তির প্রতীক ছিল প্রোহিবিশনের সমাপ্তি। অবাস্তব ও ক্ষমাহীন এই প্রোহিবিশন এক সোচ্চার সংখ্যালঘু সমাজ গোষ্ঠীকে সব আমেরিকাবাসীদের, বিশেষ করে যারা নিউ ইয়র্কের মত শহরের বসবাস ও কাজ করছিল তাদের ব্যক্তিগত অভ্যাস নিয়ন্ত্রণাধীন রাখার সুযোগ দিয়েছিল। প্রোহিবিশন আন্দোলনের সময়কালে জেগে ওঠা সংস্কারপন্থী যুগে অ্যালকোহল এবং সেলুন নিষিদ্ধ করে মার্কিন যুক্তরাষ্ট্রের সামাজিক উন্নতি ও প্রগতির জন্য এই মাদক বর্জনের আন্দোলনের ইচ্ছা যদিও কিছুটা সহজবোধ্য ছিল, তবে এই মাদক বর্জনের আন্দোলন শুরু হওয়া মাত্র এই নিষেধাজ্ঞার ত্রুটিগুলি দেখা দিতে লাগল। পুরাতনী (সেকেলে) এবং অকার্যকর এই পরীক্ষামূলক প্রোহিবিশন আধুনিক মার্কিন যুক্তরাষ্ট্রের বিবিধতা ও পরিবর্তনশীলতার পক্ষে উপযুক্ত ছিল না, কারণ 1920 এর দশকে এই দেশটা এতটাই বড় ও বিবিধতা পূর্ণ হয়ে উঠেছিল যে মাদক বর্জনের ধর্মযুদ্ধের অনধিকার আবেগতাড়িত প্রয়াসের পক্ষে তা পরিচালনা করা সম্ভব ছিল না। ফেডারেল আইনের বল প্রয়োগ, এটা কার্যত প্রয়োগ করার জন্য স্বেচ্ছাচারী কৌশল ব্যবহার, এবং প্রতি বছর কয়েক মিলিয়ন ডলার খরচ করা সত্ত্বেও প্রোহিবিশন যে চোদ্দ বছর যাবৎ জারি করা ছিল সেই সময় আমেরিকানদের অভ্যাসও বদলাতে পারেনি কিংবা মাত্রাধিক অ্যালকোহল সেবনের ফলে সমস্যা দূর করতে পারেনি। প্রোহিবিশন বিফল হল, এবং সেই বিফলতার পরিমাণ ছিল বিপুল, তাতে নৈতিক সংস্কার সাধনের সীমাবদ্ধ, বিশেষ করে মাদক পানীয় বর্জনের নেপথ্যে পিতৃতান্ত্রিক, পক্ষপাতদুষ্ট, এবং গণতন্ত্র বিরোধী আদর্শবাদ কাজ করছিল তার ব্যর্থতা প্রকাশ পেয়েছিল। . . .

উৎস: Michael A. Lerner, *Dry Manhattan*: *Prohibition in New York City* (ড্রাই ম্যানহাটন: নিউ ইয়র্ক সিটিতে নিষেধাজ্ঞা), Harvard University Press, 2007

35 মাইকেল এ. লার্নার (Michael A. Lerner)-এর মতে, প্রোহিবিশনের সমস্যার সমাধানের প্রয়াসের ***একটা*** প্রভাব কী পড়েছিল? [1]


____________________________________________________

____________________________________________________

Score

## নথি 6

যদিও রাষ্ট্রপতি ফ্র্যাঙ্কলিন রুজভেল্ট (President Franklin Roosevelt) প্রোহিবিশন বাতিল করার পক্ষে ছিলেন, তবে তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে সেলুন, বার ও পানশালার কাজকর্ম নিষিদ্ধ করতে চেয়েছিলেন।



# নিউ ইয়র্ক টাইমস।

সন্ধ্যাকালীন শহর সংস্করণ
WEATHER—Rain and warmer to-day; tomorrow fair and colder.

Copyright, 1933, by The New York Times Company.

নিউ ইয়র্ক বুধবার, ডিসেম্বর 6, 1933 — MP — TWO CENTS

## প্রোহিবিশন অর্থাৎ নিষেধাজ্ঞা বাতিলে *5:32 P.M.* এ অনুমোদন করা হয়েছে; রুজভেল্ট দেশের লোকেদের সেলুন বন্ধ করতে বলেছেন; নীরব সংযমে নিউ ইয়র্কে আনন্দোৎসব

### মেরিল্যান্ডে স্টেট হাউজ থেকে বেআইনী উপায়ে অ্যালকহল বিক্রি করা নিষিদ্ধ

Special to THE NEW YORK TIMES.
ANNAPOLIS, Md., Dec. 5.—Wet legislators here will patriotically support legal liquor. The State House bootlegger received formal notice today to discontinue his trade. The notice was served by a policeman on duty at the Capitol.

Throughout this session, the bootlegger has conducted a thriving business; a business which, he says, has been especially arduous because of the sudden demands made on him by legislators and their desire for prompt service.

While his services were cut off eight hours before post-prohibition stuff could be bought, the bootlegger thought the legislators had obtained a sufficient reserve to carry them through until evening and legal liquor.

### উটাহ দ্বারা অনুমোদন প্রোহিবিশনের সমাপ্তি করছে

### শহর নতুন যুগের আগমন জানালো

লাইসেন্সপ্রাপ্ত রিজর্টে জমায়েত ভিড়, তবে বৈধ অ্যালকহলের অভাব আছে।

পথেঘাটে উৎসব

অযথা উল্লাসের অনুপস্থিতি এবং শুধু সামান্য সংখ্যক গ্রেপ্তার।

অনেক স্পিকইজি বন্ধ

কয়েকটা মদের ট্রাকের পাহারায় মোতায়েন মেশিন গান- আজই যথাশীঘ্র সাপ্লাই রওনা করা হবে

### বাতিল ঘোষণা

Special to THE NEW YORK TIMES.
ওয়াশিংটন, 5 ডিসেম্বর — অস্থায়ী পররাষ্ট্রমন্ত্রী উইলিয়াম ফিলিপস কর্তৃক জারি করা নিষেধাজ্ঞা প্রত্যাহারের প্রত্যয়ন সম্পর্কিত পাঠ্যটি নিম্নরূপ, যা সংবিধানের একবিংশ সংশোধনী গৃহীত হওয়ার বিষয়টি নিশ্চিত করে:

WILLIAM PHILLIPS,
Acting Secretary of State of the United States of America.
*To all whom these presents shall come, greeting:*

KNOW YE, That the Congress of the United States, at the second session, Seventy-second Congress, begun and held at the city of Washington on Monday, the fifth day of December, in the year one thousand nine hundred and thirty-two, passed a Joint Resolution in the words and figures as follows:

To wit—

JOINT RESOLUTION.

Proposing an amendment to the Constitution of the United States.

Resolved by the Senate and House of Representatives of the United States of America in Congress assembled (two-thirds of each House concurring therein), That the following article is hereby proposed as an amendment to the Constitution of the United States, which shall be valid to all intents and purposes as part of the Constitution when ratified by conventions in three-fourths of the several States:

### উটাহ দ্বারা অনুমোদন এলং রাষ্ট্রপতি দ্বারা রাষ্ট্রীয় নতুন পলিসি ঘোষণা

ফিলিপ্স ডিক্রিতে স্বাক্ষর করছেন

শেষ তিন রাজ্যের ভোট পাওয়ার পর 21তম সংশোধন কার্যকর করার আদেশ

পুনরুদ্ধার করের পরিসমাপ্তি হবে

বছরে $227,000,000 স্বয়ংক্রিয় হ্রাস---কানাডিয়ান হুইস্কির জন্য বরাদ্দ অংশে বৃদ্ধি।

উৎস: *New York Times*, 6 ডিসেম্বর, 1933

36 এই নথি অনুযায়ী, প্রোহিবিশনের সমস্যার সমাধানের প্রচেষ্টার ফলে ***কোন*** প্রভাবটি দেখা দিয়েছিল? [1]

______________________________________________

______________________________________________

Score

**অংশ B**
**নাগরিক স্বাক্ষরতা সংক্রান্ত রচনাধর্মী প্রশ্ন (37)**

*নির্দেশনা:* একটি সুগঠিত রচনা লিখুন যার মধ্যে একটি ভূমিকা, বেশ কয়েকটি অনুচ্ছেদ, এবং একটি উপসংহার রয়েছে। রচনাটিতে অন্তত ***চারটি*** নথি থেকে প্রমাণ ব্যবহার করুন। প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ ও বিশদ তথ্য দিয়ে আপনার প্রতিক্রিয়া সমর্থন করুন। অতিরিক্ত বাহ্যিক তথ্য অন্তর্ভুক্ত করুন।

**ঐতিহাসিক প্রেক্ষাপট: প্রোহিবিশন**

মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস জুড়ে বহু সাংবিধানিক ও নাগরিক সমস্যা নিয়ে মার্কিনীদের মধ্যে বিতর্ক সৃষ্টি হয়েছে। স্বতন্ত্র কোনো ব্যক্তি, গোষ্ঠী এবং সরকারের মাধ্যমে সমস্যাগুলির সমাধানেরও চেষ্টা হয়েছে। প্রচেষ্টাগুলি বিভিন্ন মাত্রায় সফলতাও পেয়েছে। এই সাংবিধানিক ও নাগরিক সমস্যাগুলির মধ্যেকার একটি সমস্যা হল - *প্রোহিবিশন।*

**কাজ:** নথি থেকে প্রাপ্ত তথ্য এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস সম্পর্কে আপনার জ্ঞান ব্যবহার করে, একটি রচনা লিখুন যাতে আপনি

- উক্ত সাংবিধানিক ও নাগরিক অধিকারকে কেন্দ্র করে তৈরি হওয়া দাবির ঐতিহাসিক প্রেক্ষাপট বর্ণনা করুন।
- এই সাংবিধানিক বা নাগরিক সমস্যা সমাধানের জন্য ব্যক্তি, গোষ্ঠী এবং/অথবা সরকারের প্রচেষ্টা ব্যাখ্যা করুন
- মার্কিন যুক্তরাষ্ট্র এবং/অথবা আমেরিকান সমাজে প্রচেষ্টার প্রভাব নিয়ে আলোচনা করুন

**নির্দেশিকা:**

**আপনার রচনায় অবশ্যই**
- কাজটির সকল দিক প্রকাশ করবেন
- এই সমস্যা মোকাবিলা করার জন্য *অন্তত* ***দুটি*** প্রচেষ্টা ব্যাখ্যা করবেন
- অন্তত *চারটি* ***নথি থেকে তথ্য*** অন্তর্ভুক্ত করবেন
- প্রাসঙ্গিক বাহ্যিক তথ্য অন্তর্ভুক্ত করবেন
- প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ ও বিশদ তথ্য দিয়ে মূলভাবটি সমর্থন করবেন
- সংগঠিত করার জন্য একটি যুক্তিসম্মত এবং স্পষ্ট পরিকল্পনা ব্যবহার করুন, একটি ভূমিকা এবং একটি উপসংহার সহ যা মূলভাব পুনঃব্যক্ত করাকেও ছাড়িয়ে যায়

REGENTS EXAM IN U.S. HISTORY AND GOVERNMENT BENGALI EDITION

পুনর্ব্যবহৃত কাগজে মুদ্রিত হয়েছে

REGENTS EXAM IN U.S. HISTORY AND GOVERNMENT BENGALI EDITION